# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা-প্রথম পত্র — বিষয় কোড: ২৯২

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১. ▶

| | ক-প্রতিষ্ঠান | খ-প্রতিষ্ঠান |
|---|---|---|
| পণ্য → | মিনিপ্যাক শ্যাম্পু | বোতলজাত শ্যাম্পু<br>মিনিপ্যাক শ্যাম্পু<br>হারবার শ্যাম্পু |
| মুনাফা/ক্ষতি ভোগকারী → | মালিক একাই | সব শেয়ার মালিকের মধ্যে বণ্টিত হয় |

ক. ব্যক্তিগত অর্থায়ন কী? ১

খ. তহবিল সংগ্রহ বলতে তুমি কী বুঝ? ২

গ. উদ্দীপকের খ-প্রতিষ্ঠানটিতে অর্থায়নের কোন নীতির প্রতিফলন লক্ষ্য করা যায়? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত ক ও খ প্রতিষ্ঠানের মধ্যে কোনটিতে বিনিয়োগকারীর ঝুঁকি বেশি? মতামত দাও। ৪

২. ▶ নাসিফ লি. নবগঠিত আমদানী রপ্তানীকারক প্রতিষ্ঠান। মূলধনের প্রয়োজনে প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদ এস.ই.সি.-এর অনুমতি নিয়ে শেয়ার বিক্রয়ের মাধ্যমে মূলধন সংগ্রহ করে। প্রতিষ্ঠানটি বিদেশে তৈরি পোশাক রপ্তানী করে থাকে। অল্পদিনের মধ্যে প্রতিষ্ঠানটি বেশ সফল হয়। তবে রপ্তানী আয়ের কিছু অংশ ব্যাংকের মাধ্যমে এবং অবশিষ্ট অংশ হুন্ডির মাধ্যমে সংগ্রহ করে। কিছুদিন পর আইন প্রয়োগকারী সংস্থা প্রতিষ্ঠানটিকে দোষী সাব্যস্ত করে।

ক. বিনিয়োগ সিদ্ধান্ত কী? ১

খ. ব্রোকারেজ হাউজ কেন প্রয়োজন? ২

গ. উদ্দীপকে বর্ণিত নাফিস লি. কোন বাজারে শেয়ার বিক্রয় করেছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি আইনের দৃষ্টিতে দোষী সাব্যস্ত হবকার কারণ বিশ্লেষণ কর। ৪

৩. ▶ জনাব আসিফ ৫ বছর পর একটি গাড়ি ক্রয় করতে চান। তখন গাড়িটির মূল্য হবে ১০,০০,০০০ টাকা। এজন্য তিনি এককালীন ৫,০০,০০০ টাকা জমা রাখতে চান। বাজারে সুদের হার ১২%।

ক. মুনাফা সর্বাধিকরণ কী? ১

খ. পোর্টফোলিও নীতি কেন গ্রহণ করা হয়? ২

গ. জনাব আসিফের জমাকৃত অর্থের ভবিষ্যত মূল্য কত হবে? ৩

ঘ. জমাকৃত অর্থ দ্বারা জনাব আসিফ গাড়ি কিনতে পারবেন কী? না পারলে তাঁকে মোট কত টাকা জমা রাখতে হবে? ৪

http://teachingbd.com

৪.▶ আলী ফুড্‌স প্রোডাক্টস ফলজ বিভিন্ন খাবার ও পানীয় তৈরি করে থাকে। কোম্পানীটির পণ্যের গুণগত মান অন্যান্য প্রতিষ্ঠানের চাইতে ভাল। দামও অন্যান্য প্রতিষ্ঠানের চাইতে সহনীয়। প্রতিষ্ঠানের উৎপাদন ক্ষমতা ২০,০০০ একক। কিন্তু বিক্রয় সন্তোষজনক না হওয়ায় ১৫,০০০ একক পণ্য উৎপাদন করে। তবে বিক্রয়ের পরিমাণ ১২,০০০ একক। প্রতিষ্ঠানটির স্থায়ী ব্যয় ১,২০,০০০ টাকা, একক প্রতি বিক্রয়মূল্য ৫৫ টাকা এবং একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ৩৫ টাকা। চলতি বছরে প্রতিষ্ঠানটি বিক্রয় বাড়ানোর পরিকল্পনা করছে।

ক. নগদ প্রবাহ কী? ১

খ. অনুপাত বিশ্লেষণ বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত আলী ফুডস প্রোডাক্টস কত একক বিক্রয় করলে কোন লাভ বা ক্ষতি হবেনা? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত আলী ফুড্‌স প্রোডাক্টস এর বিক্রয় বাড়ানোর জন্য তুমি কী ধরনের সুপারিশ করবে? মতামত দাও। ৪

৫.▶ Dream Computers বিভিন্ন ধরনের কম্পিউটার বিক্রয় করে। প্রতিষ্ঠানটি চলতি বছরে ৫০,০০০টি কম্পিউটার বিক্রয়ের প্রত্যাশা করছে। প্রতিটি কম্পিউটারের গড় ক্রয়মূল্য ২৫,০০০ টাকা। প্রতিষ্ঠানটির অর্ডার প্রতি খরচ ১,০০০ টাকা এবং বহন খরচ প্রতি এককে ১ টাকা। প্রতিষ্ঠানটি বিপদকালীন সময়ের জন্য ১,০০০টি কম্পিউটার মজুদ রাখে। পণ্য সংগ্রহের জন্য ১০ দিন সময় লাগে। তাছাড়া প্রতিষ্ঠানটি বছরে ৩২০ দিন সেবা প্রদান করে থাকে।

ক. নগদ চক্র কী? ১

খ. ব্যবসায় ঋণের খরচ কে বহন করে থাকে? ব্যাখ্যা কর। ২

গ. প্রতিবারে কি পরিমাণ কম্পিউটারের অর্ডার দিলে উদ্দীপকে বর্ণিত Dream Computers এর মোট মজুত খরচ কম হবে? ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত Dream Computers এর মোট মজুত ব্যয় নির্ণয় কর। ৪

৬.▶ মি. পাশা একজন ক্ষুদ্র বিনিয়োগকারী। তিনি তাঁর বিনিয়োজিত অর্থ থেকে বছরে ১,০০,০০০ টাকা আয় করতে চান। এজন্য তিনি ৫ বছর মেয়াদী ১৫% কুপন বন্ডে বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন। প্রতিটি কুপন বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা এবং বাজার মূল্য ১,০৫০ টাকা।

ক. হাইব্রিড সিকিউরিটি কী? ১

খ. ট্রেজারি বন্ডের আয়ের হারকে কেন ঝুঁকিমুক্ত আয়ের হার বলা হয়? ২

গ. উদ্দীপকে বর্ণিত বন্ডের YTM কত হবে? ৩

ঘ. যদি উদ্দীপকে বর্ণিত মি. পাশার প্রত্যাশিত আয়ের হার ১২% হয় তাহলে তাঁর বিনিয়োগের যথার্থতা মূল্যায়ণ কর। ৪

http://teachingbd.com

৭.▶ কাসেম লি.-এর মূলধন কাঠামো নিম্নরূপ:

| মূলধনের উৎস | পরিমাণ (টাকা |
|---|---|
| সাধারণ শেয়ার | ১০,০০,০০০ |
| ১০% অগ্রাধিকার শেয়ার | ২,৫০,০০০ |
| ১৪% ঋণপত্র | ৭,৫০,০০০ |
| মোট | ২০,০০,০০০ |

কোম্পানীর প্রতিটি শেয়ার বর্তমানে বাজারে ১০ টাকা করে বিক্রয় হচ্ছে। আগামী বছর কোম্পানী শেয়ার প্রতি ২ টাকা করে লভ্যাংশ দেয়ার প্রত্যাশা করছে। লভ্যাংশ বৃদ্ধির হার ৫% এবং করের হার ৪০%।

ক. কাম্য মূলধন কাঠামো কী? ১

খ. সংরক্ষিত মুনাফার ব্যয় বলতে তুমি কী বুঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত কোম্পানীটির প্রতিটি উৎসের ব্যয় আলাদাভাবে নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে বর্নিত কোম্পানীটির ভার আরোপিত মূলধন ব্যয় নির্ণয় কর এবং মতামত দাও। ৪

৮.▶ সবুজ লি. নতুন একটি প্রকল্পে ১২,০০,০০০ টাকা বিনিয়োগ করতে চাচ্ছেন। প্রতিষ্ঠানটির আর্থিক ব্যবস্থাপক প্রকল্পটি থেকে আগামী ৫ বছর নিম্নোক্তভাবে কর পরবর্তী নগদ আন্তঃপ্রবাহ প্রত্যাশা করছেন।

| বছর | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| করপরবর্তী নগদ অন্তঃপ্রবাহ (টাকা) | ৩,২০,০০০ | ৩,৬০,০০০ | ৬,০০,০০০ | ৩,২০,০০০০ | ৪,৪০,০০০ |

প্রকল্পটি থেকে প্রতিষ্ঠানটির প্রত্যাশিত আয়ের হার ১২%।

ক. উত্তরণ খরচ কী? ১

খ. প্রাথমিক বাজার ও মাধ্যমিক বাজারের মধ্যে তুমি কীভাবে পার্থক্য করবে? ২

গ. উদ্দীপকে বর্ণিত কোম্পানীটির পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত কোম্পানীটির নীট বর্তমান মূল্য নির্ণয় কর এবং বিনিয়োগের ব্যাপারে মতামত দাও। ৪

৯.▶ মি. পলাশ নতুন একটি প্রকল্পে বিনিয়োগের চিন্তা করছেন। তিনি সুরমা অথবা যমুনা কোম্পানীতে বিনিয়োগ করতে পারেন। কোম্পানীর প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ—

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | সম্ভাব্য আয়ের হার (%) | |
|---|---|---|---|
| | | সুরমা কোম্পানী | যমুনা কোম্পানী |
| ভাল | ০.৪০ | ৭.৫ | ৫.০ |
| মন্দ | ০.১৫ | ২.৫ | ৬.৫ |
| স্বাভাবিক | ০.৪৫ | ৮.০ | ৭.০ |

মি. পলাশ একজন ঝুঁকি বিমুখ বিনিয়োগকারী। তিনি উপযুক্ত বিনিয়োগ প্রকল্পটি বাছাই করতে চাচ্ছেন।

ক. পোর্টফোলিও ঝুঁকি কী? ১

খ. মুনাফা জাতীয় প্রাপ্তি ও মূলধনজাতীয় প্রাপ্তি বলতে তুমি কী বুঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত কোম্পানী দু'টির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত মি. পলাশের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত তা আদর্শ বিচ্যুতি নির্ণয় করে মতামত দাও। ৪

http://teachingbd.com

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা-প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২ ৯ ২

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. ডিসকাউন্টিং প্রক্রিয়ার অর্থ কী?
ক কম অর্থ গ্রহণ  খ গুরুত্ব হ্রাস করা
গ ভবিষ্যৎ মূল্যকে বর্তমান মূল্যে রূপান্তর করা
ঘ বর্তমান মূল্যকে ভবিষ্যৎ মূল্যে রূপান্তর করা

২. বোনাস শেয়ার কাদের মধ্যে বন্টন করা হয়?
ক বর্তমান শেয়ারহোল্ডার
খ নতুন শেয়ারহোল্ডার
গ পরিচালক  ঘ কর্মী

৩. সম্পদ সর্বাধিকরণে নিচের কোনটি বিবেচনা করা হয়?
i. অর্থের সময় মূল্য
ii. প্রকল্পের মোট আয়
iii. প্রকল্পের নগদ প্রবাহ
নিচের কোনটি সঠিক?
ক i  খ ii
গ i ও iii  ঘ i, ii ও iii

৪. জনাব জনি ১০% অর্ধবার্ষিক সুদে ব্যাংকে ১০,০০০ টাকা ৫ বছরের জন্য জমা রাখেন। ৫ বছর পর তিনি কত টাকা গ্রহণ করবেন?
ক ১৫,০০০ টাকা  খ ১৬,২২৮ টাকা
গ ২৬,৫৩২ টাকা  ঘ ২৬,৯১৫ টাকা

৫. নিচের কোনটি বেশী লাভজনক?
ক IRR ১২%, K, ১০%
খ IRR, ৩০%, K ২০%
গ IRR ১২%, K, ২০%
ঘ IRR ১২%, K, ১২%

৬. কোনটি অর্থায়নের বাহ্যিক উৎস নয়?
ক সংরক্ষিত তহবিল  খ সাধারণ শেয়ার
গ ব্যাংক ঋণ  ঘ ব্যবসায় ঋণ

৭. যথাযথ বৈচিত্রায়নের মাধ্যমে কোন ধরনের ঝুঁকি এড়িয়ে যাওয়া সম্ভব?
ক পোর্টফোলিও ঝুঁকি  খ পরিহার্য ঝুঁকি
গ অপরিহার্য ঝুঁকি  ঘ আর্থিক ঝুঁকি

৮. একটি ফার্মের অগ্রাধিকার শেয়ার বর্তমানে ৫০ টাকায় বিক্রি হচ্ছে এবং প্রতি শেয়ারে ৫ টাকা করে লভ্যাংশ প্রদান করছে। অবলেখনের কমিশন প্রতি শেয়ারে ৬ টাকা হলে মূলধন ব্যয় কত?
ক ১০%  খ ১১.১১%
গ ১১.৩৬%  ঘ ২৫%

৯. নিচের কোন সিকিউরিটি ক্ষেত্রে মূলধনী লাভের সর্বাধিক?
ক ক্রয়মূল্য ৪০ টাকা বিক্রয়মূল্য ৫২ টাকা
খ ক্রয়মূল্য ৭০ টাকা বিক্রয়মূল্য ৯৫ টাকা
গ ক্রয়মূল্য ১০০ টাকা বিক্রয়মূল্য ১২০ টাকা
ঘ ক্রয়মূল্য ১৫০ টাকা বিক্রয়মূল্য ২৩৫ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।
সুমন লিমিটেড ধারে কাঁচামাল ক্রয় করে এবং তার উৎপাদন প্রক্রিয়ায় ৬ দিন সময় লাগে। সুমন লিমিটেড নগদে বিক্রি করে এবং পাওনাদারদের পাওনা ৩ দিনের মধ্যে অবশ্যই পরিশোধ করেন।

১০. সুমন লিমিটেডের নগদ আবর্তন কত?
ক ৪৫  খ ৭২
গ ১২০  ঘ ১৮০

১১. সুমন লিমিটেড পাওনা ৪ দিনে পরিশোধ করলে —
i. নগদ চক্র বড় হবে
ii. নগদ আবর্তন বৃদ্ধি পাবে
iii. ন্যূনতম নগদ অর্থের পরিমাণ হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ ii ও iii
গ i ও iii  ঘ i, ii ও iii

১২. কোন ধরনের অ্যানুইট কিস্তির অর্থ পরিশোধের প্রতি মেয়াদের শুরুতে নগদ প্রবাহ নিশ্চিত করে?
i. সাধারন অ্যানুইটি
ii. অ্যানুইটি ডিউ
iii. অগ্রিম অ্যানুইটি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ ii ও iii
গ i ও iii  ঘ i, ii ও iii

১৩. যে কার্যক্রমের মাধ্যমে শেয়ারহোল্ডারদের নিট বর্তমান মূল্য বৃদ্ধি পায় তাকে কী বলে?
ক মুনাফা সর্বাধিকরণ  খ ঝুঁকি হ্রাস করণ
গ সম্পদ সরবাধিকরণ  ঘ ব্যয় সংকোচন

১৪. একটি প্রকেল্পের প্রাথমিক বিনিয়োগের পরিমাণ ৪,০০,০০০ টাকা এবং গড় কর পরবর্তী নিট মুনাফা ৫০,০০০ টাকা। প্রকল্পটির গড় মুনাফার হার কত?
ক ১২.৫%  খ ২৫%
গ ৪০%  ঘ ৫০%

১৫. কোন বাজার হতে বিনিয়োগকারিদের কাছ থেকে প্রতিষ্ঠান সরাসরি মূলধন সংগ্রহ করে?
ক প্রাথমিক বাজার  খ আর্থিক বাজার
গ মাধ্যমিক বাজার  ঘ মূলধন বাজার

১৬. নিম্নের মূলধন উপাদানগুলোর মধ্যে কোনটি ব্যয় সবচেয়ে বেশি?
ক সাধারণ শেয়ার  খ অগ্রাধিকার শেয়ার
গ সংরক্ষিত তহবিল  ঘ ঋণপত্র

১৭. ব্রেক-ইভেন পয়েন্টকে প্রভাবিত করে—
i. স্থির ব্যয়
ii. পরিবর্তনশীল ব্যয়
iii. বিক্রয়ের পরিমাণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।

| মূলধনের উৎস | পরিমাণ | উৎসের ব্যয় |
|---|---|---|
| সাধারণ শেয়ার | ৫,০০,০০০ | ১০% |
| অগ্রাধিকার শেয়ার | ১,৬০,০০০ | ৯% |
| ঋণপত্র | ১,৮০,০০০ | ১১% |
| সংরক্ষিত তহবিল | ১,৬০,০০০ | |

ব্যক্তিগত কর হার ২৫% এবং কর্পোরেট কর হার - ৩০%।

Teachingbd.com

১৮. সাধারণ শেয়ার মূলধনের ভার কত?
ⓚ ৮০% ⓛ ৭১.৪৩%
ⓖ ৭০% ⓖ ৫০%

১৯. উদ্দীপকে উল্লিখিত কোন উৎসের ব্যয় সর্বনিম্ন?
ⓚ সাধারণ শেয়ার ⓛ অগ্রাধিকার শেয়ার
ⓖ ঋণপত্র ⓖ সংরক্ষিত তহবিল

২০. ঋণপত্রের সুদের পরিমাণের সাথে জড়িত —
ⓚ বাজার মূল্য ⓛ উত্তরণ ব্যয়
ⓖ মেয়াদ পূর্তি মূল্য ⓖ অবিহিত মূল্য

২১. রাফা লিমিটেডের ৫ বছর মেয়াদি জিরো কুপন বন্ডের লিখিত মূল্য ১,০০,০০০ টাকা, প্রত্যাশিত আয়ের হার ১১% হলে বন্ডের অন্তর্নিহিত মূল্য কত?
ⓚ ৬৪,৫১৬ ⓛ ৫৯,৩৪৫
ⓖ ৪৫,৪৫৫ ⓖ ৪৫,০০০

২২. ব্যক্তিগত কর কোনটি সাথে সমন্বয় করা হয়?
ⓚ সংরক্ষিত তহবিলের ব্যয়
ⓛ অগ্রাধিকার শেয়ারের ব্যয়
ⓖ ঋণপত্রের ব্যয়
ⓖ কোনটিই নয়

২৩. নগদ চক্র বড় হওয়ার কারণ —
i. উৎপাদন সময় বেশি লাগা
ii. গড় দেয় সময় ছোট হওয়া
iii. গড় সংগ্রহ সময় বড় হওয়া
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৪. যদি একটি পরিশোধযোগ্য বন্ডের কুপন সুদের হার ও প্রত্যাশিত আয়ের হার সমান হয় তবে —
ⓚ বন্ডটির অন্তর্নিহিত মূল্য অবিহিত মূল্য থেকে বেশি হবে
ⓛ বন্ডটির অন্তর্নিহিত মূল্য ও অবিহিত মূল্য সমান হবে
ⓖ বন্ডটির অবিহিত মূল্য অন্তরর্নিহিত মূল্য থেকে বেশি হবে
ⓖ কোনটিই নয়

২৫. শামস লিমিটেডের বেটার (B) মান ২। ঝুঁকিমুক্ত আয়ের হার ৬% এবং বাজার ঝুঁকি অধিহার ১০%। প্রত্যাশিতব্য আয়ের হার কত?
ⓚ ২৬% ⓛ ১৬%
ⓖ ১৪% ⓖ ৮%

২৬. সুদের হার ও বন্ডের বাজার মূল্যের মধ্যে কিরূপ সম্পর্ক বিদ্যমান?
ⓚ ধনাত্মক ⓛ ঋণাত্মক
ⓖ ধনাত্মক, ঋণাত্মক উভয়ই হতে পারে
ⓖ কোন সম্পর্ক নেই

২৭. মেয়াদ পূর্তির পূর্বেই প্রতিষ্ঠান বন্ড ফেরত নিতে পারলে তা হবে—
ⓚ কল বন্ড ⓛ পুট বন্ড
ⓖ জাঙ্ক বন্ড ⓖ সবগুলোই সঠিক

২৮. সুদের হার বাড়লে অর্থনীতিতে বিনিয়োগের পরিমাণ—
ⓚ বাড়ে ⓛ কমে
ⓖ অপরিবর্তিত থাকে
ⓖ বিনিয়োগ বন্ধ হয়ে যায়

২৯. বন্ডের কুপন সুদের হার বাজার সুদের হারের চেয়ে বেশি হলে কোন বন্ড বেশি কার্যকরী?
ⓚ কল বন্ড ⓛ পুট বন্ড
ⓖ জাঙ্ক বন্ড ⓖ সবগুলোই সঠিক

৩০. নিম্নের কোন বিনিয়োগটি বেশি ঝুঁকিপূর্ণ?
ⓚ বন্ড ক্রয় ⓛ অগ্রাধিকার শেয়ার ক্রয়
ⓖ টি-বন্ড ক্রয় ⓖ সাধারণ শেয়ার ক্রয়

৩১. নিজ দেশের মুদ্রা অবমূল্যায়িত হলে বিনিময়হার ঝুঁকির সম্মুখিন হয় —
ⓚ আমদানি কারক ⓛ রপ্তানিকারক
ⓖ উভয়ই ⓖ কেউ না

৩২. একটি প্রকল্পে বিনিয়োগের পরিমাণ ১০,০০০ টাকা, ভবিষ্যৎ নগদ আন্তপ্রবাহের বর্তমান মূল্য ১,০১,০০০ টাকা হলে বিনিয়োগ সিদ্ধান্ত কী হবে?
ⓚ বিনিয়োগ করব ⓛ বিনিয়োগ করব না
ⓖ সিদ্ধান্তহীনতায় থাকব ⓖ কোনটিই নয়

৩৩. কোন প্রকল্পের PBP ৪ বছর। বার্ষিক সমান নগদ আন্তঃপ্রবাহ ১৫,০০০ টাকা হলে প্রারম্ভিক বিনিয়োগের পরিমাণ কত?
ⓚ ৫০,০০০ ⓛ ৩০,০০০
ⓖ ৪০,০০০ ⓖ কোনটিই নয়

৩৪. Big Board বলা হয় নিম্নের কোন স্টক এক্সচেঞ্জকে?
ⓚ নিউইয়র্ক স্টক এক্সচেঞ্জ
ⓛ টোকিও স্টক এক্সচেঞ্জ
ⓖ ঢাকা স্টক এক্সচেঞ্জ ⓖ চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ

৩৫. টি বিল ও আবুল কোম্পানির শেয়ারের রো ( ) এর মান কত?
ⓚ সর্বনিম্ন ১ ⓛ সর্বনিম্ন ২
ⓖ সর্বোচ্চ ১ ⓖ কোনটিই নয়

৩৬. বাংলাদেশের আর্থিক প্রতিষ্ঠান আইন কত সালের?
ⓚ ১৯৯৪ ⓛ ১৯৯১
ⓖ ১৯৯৩ ⓖ ১৯৩২

৩৭. বছরের শুরুর লভ্যাংশ ৪০ টাকা, বছরের শেষে লভ্যাংশ ৫০ টাকা হলে লভ্যাংশের প্রবৃদ্ধি কত?
ⓚ ২২% ⓛ ৫২%
ⓖ ২৫% ⓖ কোনটিই নয়

৩৮. তাসনুভা কর্পোরেশন এর ৫ বছরের প্রকৃত আয় ও গড় আয়ের ব্যবধানের বর্গ ৮৪০। তার ঝুঁকির পরিমাণ কত?
ⓚ ১২% ⓛ ১৪.৪৯%
ⓖ ১৫% ⓖ ১৬%

৩৯. যে বাট্টার হারে NPV = 0 হয় তাকে কী বলে?
ⓚ ধনাত্মক NPV ⓛ ঋণাত্মক NPV
ⓖ IRR ⓖ কোনটিই নয়

৪০. সোনালি ব্যাংকে টাকা রাখলে তা ৮ বছরে দ্বিগুণ হয়। সোনালি ব্যাংকের সুদের হার কত?
ⓚ ৯% ⓛ ১০%
ⓖ ১২% ⓖ কোনটিই নয়

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ক | ৩ | গ | ৪ | খ | ৫ | খ | ৬ | ক | ৭ | খ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | খ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ক | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ঘ |
| ২১ | খ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ | ৩১ | ক | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | ক | ৩৫ | গ | ৩৬ | গ | ৩৭ | গ | ৩৮ | খ | ৩৯ | গ | ৪০ | ক |